বিষয়ঃ উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীঃ
সভাপতিঃ বেগম পারুল আক্তারী
মহিলা ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, ভাঙ্গা, ফরিদপুর
স্থানঃ উপজেলা পরিষদ মিলনায়তন, ভাঙ্গা, ফরিদপুর ।
তারিখঃ ২৬/০৪/২০২২ খ্রিঃ।
সময়ঃ বেলা- ১১:০০ ঘটিকা।
সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ

| ক্রমিক | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ খোকন মিয়া | চেয়ারম্যান হামিরদী ইউনিয়ন পরিষদ | অনুঃ |
| ০২ | জনাব মোহাম্মদ আলমগীর খান | চেয়ারম্যান নারিবাদ ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব মো: রেজাউল করিম | চেয়ারম্যান, কাউলীবেড়া ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব পামীলা বেগম | সহকারী শিক্ষক (অব:), ভাঙ্গা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব নাহিদ সুলতানা | পিও, প্রগতি, ব্র্যাক এনজিও, ভাঙ্গা, ফরিদপুর | অনুঃ |
| ০৬ | জনাব ইলা রানী কুন্ডু | উপজেলা মহিলা বিষয়ক অফিসার | স্বাক্ষরিত |

<u>আলোচ্য সূচিঃ</u>
১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২.'ভালনারেল উইমেন বেনিফিট' (ভিডব্লিউবি) কর্মসূচি সংক্রান্ত আলোচনা।
৩. 'মা ও শিশু সহায়তা কর্মসূচি' সংক্রান্ত আলোচনা।
৪. 'উপজেলা পর্যায়ে মহিলাদের আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ' প্রকল্পের আলোচনা।
৫. বিবিধ আলোচনা

| আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রথমে পূর্ববর্তী সভার কার্যবিবণী পাঠ করা হয় এবং কারো কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিতে তা অনুমোদন করা হয়। অতঃপর সভাপতি সভার সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অদ্যকার সভার আলোচ্যসূচী সভাকে অবহিত করার জন্য অনুরোধ জানান। | অনুমোদিত কার্যবিবরণী সম্মানিত সকল সদস্যকে সরবরাহ করা। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ২. 'ভালনারেল উইমেন বেনিফিট' (ভিডব্লিউবি) কর্মসূচি সংক্রান্ত আলোচনা। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভাঙ্গা ফরিদপুর জানান, ভিডব্লিউবি কর্মসূচি সামাজিক নিরাপত্তা বেষ্টনীমূলক কর্মসূচির মধ্যে অন্যতম কর্মসূচি। এ কর্মসূচির উপকারভোগীদের জন্য সরকার খাদ্যশস্য বিতরণ করে থাকেন যাহা মেশিন দ্বারা সেলাইকৃত বস্তায় ৩০(ত্রিশ) কেজি খাদ্যশস্য/চাল। ভিডব্লিউবি কর্মসূচির নীতিমালা অনুযায়ী একাধিক মাসের খাদ্যশস্য একত্রে পরিবহন বা বিতরণ করা যাবেনা। পরিবহন ব্যয়ের প্রতি মাসের বিল ভাউচার উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় প্রতিমাসে দাখিল করতে হবে। কর্মসূচির নির্দেশনা মোতাবেক মনোনীত তদারকী কর্মকর্তা (ট্যাগ অফিসার) এর উপস্থিতিতে খাদ্যশস্য (চাল) বিতরণ করতে হবে এবং ট্যাগ অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত বিতরণ প্রতিবেদন ও মাস্টার রোলের ফটোকপি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে পরবর্তী মাসের প্রথম সপ্তাহে দাখিল নিশ্চিত করবেন। তিনি আরো জানান যে, ভিডব্লিউবি উপকারভোগী মহিলাদের সরকার কর্তৃক নিয়োজিত সিবিও/এনজিও কর্মী দ্বারা সচেতনতা ও আইজিএ প্রশিক্ষণ প্রদান করা হয়। উপকারভোগীদের স্ব-স্ব ব্যাংক হিসাব নম্বরে প্রতি মাসে | ১। ভিডব্লিউবি (চাল) বিতরণের বিতরণ প্রতিবেদন ও মাস্টার রোলের ফটোকপি পরবর্তী মাসের প্রথম সপ্তাহের মধ্যে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে দাখিল করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সকল) |

| | | | |
|---|---|---|---|
| | ২০০/- (দুইশত) টাকা হারে সঞ্চয় করার নির্দেশনা রয়েছে যাহা এনজিও কর্মীরা তদারকী করবেন। চেয়ারম্যান, হামিরদী ইউপি জানান, তার ইউনিয়নে ভিডব্লিউবি উপকারভোগী মহিলারা প্রায় সকলেই সঞ্চয় করেন যেখানে ব্যাংক/এনজিও কর্মীরা উপস্থিত থাকেন। | | |
| ৩. 'মা ও শিশু সহায়তা কর্মসূচি' সংক্রান্ত আলোচনা। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ভাঙ্গা, ফরিদপুর জানান, ভাঙ্গা উপজেলার ১২(বার)টি ইউনিয়নে 'দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান' কর্মসূচির আওতায় ইতোপূর্বে প্রতি অর্থ বছর অথবা ০৬(ছয়) মাস অন্তর-অন্তর বরাদ্দ পাওয়া যেত। এ বছর 'কর্মজীবি ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল' কর্মসূচি ও 'দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান' কর্মসূচিকে "মা ও শিশু সহায়তা কর্মসূচি" নামে একীভূত করার পরিকল্পনা থাকায় চলতি সময়ে কোন বরাদ্দ পাওয়া যায়নি। | ১. বরাদ্দ পাওয়া গেলে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ৪. 'উপজেলা পর্যায়ে মহিলাদের আয়বর্ধক(আইজিএ) প্রশিক্ষণ' প্রকল্পের আলোচনা। | আলোচ্য সুচি অনুযায়ী উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভাঙ্গা, ফরিদপুর জানান, "উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ" শীর্ষক প্রকল্পের ০২(দুই)টি ট্রেডে (ফ্যাশন ডিজাইন ও বিউটিফিকেশন ট্রেড) ০২(দুই)টি ব্যাচে প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।<br>সভাপতি এ সংক্রান্ত আলোচনায় বলেন, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে মাঠ পর্যায়ে আয়বর্ধক কর্মসূচি হিসাবে এ কর্মসূচি পরিচালনা করছেন। এ সকল কর্মসূচি অচিরেই নারীদের আত্ম-নির্ভরশীল করে গড়ে তুলবেন। আমাদের উপজেলার সকল বেকার ও অসহায় মেয়েরা যাতে এ কর্মসূচির (প্রকল্পকালীন সময়ের মধ্যে) মাধ্যমে আয়বর্ধক কাজের সাথে সম্পৃক্ত হতে পারে সেদিক বিবেচনা করে পর্যায়ক্রমে সকলকে প্রশিক্ষণ দানের ব্যবস্থা করতে হবে। সভাপতির বক্তব্যের সাথে সকল সদস্য একমত পোষণ করেন। | ১. প্রকল্পকালীন সময়ের মধ্যে পর্যায়ক্রমে সকল বেকার ও অসহায় মেয়েদের প্রশিক্ষণের আওতায় আনার সিদ্ধান্ত গৃহিত হয়।। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট কমিটি। |
| ৫. বিবিধ আলোচনা | বিবিধ আলোচনায় সভাপতি জানান, বাল্য বিবাহ একটি সামাজিক ব্যধি। এ থেকে পরিত্রানের উপায় খুজে বের করা আমাদের জন্য অত্যন্ত জরুরী। নারী ও শিশু নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধে ভাঙ্গা উপজেলা প্রশাসন জিরো টলারেন্স ভুমিকায় আছে ও থাকবে। কোথাও কোন বাল্য বিবাহের সংবাদ পেলে উভয় পক্ষের অবিভাবক, নিকাহ রেজিস্ট্রারসহ অভিযুক্ত সকলকে আইনের আওতায় এনে শাস্তি প্রদান করা হবে। তিনি আরো বলেন, অল্প বয়সে একটা মেয়ে মা হলে নানা সমস্যা দেখা দেয়। বিশেষ করে সরকারী ছুটির দিনগুলোতে বাল্য বিবাহ সংঘটিত হয়। এ বিষয়ে কমিটির সকল সদস্যকে সতর্ক দৃষ্টি রেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের করবেন। | ১. বাল্য বিবাহ বন্ধের বিষয়ে বাল্য বিবাহ নিরোধ আইন-২০১৭ খ্রিঃ অনুযায়ী দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণ বাল্য বিবাহ বন্ধের বিষয়ে ব্যবস্থা গ্রহন করবেন। | উপজেলা প্রশাসন, ভাঙ্গা, ফরিদপুর। |

বেগম পারুল আক্তারী
উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটি।
ভাঙ্গা, ফরিদপুর।

১২.০১.২৯১০.০০০.১৬.০০১-২১-১২৩

তারিখঃ ২৬/০৪/২০২২খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে : (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাঙ্গা, ফরিদপুর।
০২। উপজেলা নির্বাহী অফিসার, ভাঙ্গা, ফরিদপুর।
৩। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ফরিদপুর।
৪। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাঙ্গা, ফরিদপুর।
৫। চেয়ারম্যান, . . . . . . . . . . . . . . . . . ইউনিয়ন পরিষদ, ভাঙ্গা, ফরিদপুর।
৬। জনাব, . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . ভাঙ্গা, ফরিদপুর।
৭। অফিস নথি।

ইলা রানী কুন্ডু
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ভাঙ্গা, ফরিদপুর।

## "উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির" সভায় উপস্থিতি সীটঃ

সভার তারিখঃ২৮/০৪/২০২১ খ্রিঃ।

| ক্রঃ নং | নাম, পদবী ও কমিটিতে অবস্থান | মোবাইল নং | ই-মেইল নম্বর | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব, বেগম পারুল আক্তারী, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাঙ্গা, ফরিদপুর, সভাপতি | ০১৭১৬-০৯০২৭৪ | | |
| ০২ | জনাব, মোঃ খোকন মিয়া চেয়ারম্যান, হামিরদী ইউনিয়ন পরিষদ, ভাঙ্গা, ফরিদপুর, সদস্য। | ০১৭১৬-৪৫২৩৬৮ | khokon.sunshineoverseas856 @gmail.com | অনু: |
| ০৩ | জনাব, মোহাম্মদ আলমগীর খান চেয়ারম্যান, নাসিরাবাদ ইউনিয়ন পরিষদ, ভাঙ্গা, ফরিদপুর, সদস্য। | ০১৭১৬-৬৭১৮৩৭ | | |
| ০৪ | জনাব, মো: রেজাউল করিম চেয়ারম্যান, কাউলীবেড়া ইউনিয়ন পরিষদ, ভাঙ্গা, ফরিদপুর, সদস্য। | ০১৭১৬-৩১৩৮৭৬<br>০১৭১৩-৯৩৮৭০০ | chairmanrezaulkarim @gmail.com | |
| ০৫ | জনাব, পামীলা বেগম, সরকারী শিক্ষক (অবঃ), ভাঙ্গা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, ভাঙ্গা, ফীরদপুর, কো-অপ্ট সদস্য। | ০১৭২১-২০০৩০১ | | |
| ০৬ | জনাব, নাহিদা সুলতানা, পিও, প্রগতি, ব্র্যাক এনজিও, ভাঙ্গা, ফরিদপুর (কো-অপ্ট সদস্য)। | ০১৭৩৮-২২৪৫৫৫ | | অনু: |
| ০৭ | জনাব ইলা রানী কুন্ডু উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভাঙ্গা, ফরিদপুর, সদস্য সচিব। | ০১৭১৫-১৮৭৩৭২ | ilauwao@gmail.com | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
ভাঙ্গা, ফরিদপুর।
bhangaudwao@gmail.com

'শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা'।

স্মারক নং- ৩২.০১.২৯১০.০০০.১৬.০৩১.২১-১০৯

তারিখঃ ০৬/০৪/২০২২ খ্রিঃ।

নোটিশ

এতদ্বারা **"উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির"** সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, আগামী ২৬/০৪/২০২২ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার বেলা ১১:০০ ঘটিকায় বেগম পারুল আক্তারী, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, ভাঙ্গা, ফরিদপুরের সভাপতিত্বে তাঁর কার্যালয়ে এক সভা আহ্বান করা হয়েছে।

উক্ত সভায় নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

ইলা রানী কুন্ডু
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদের মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
ভাঙ্গা, ফরিদপুর

..............................
..............................
ভাঙ্গা, ফরিদপুর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ
০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাঙ্গা, ফরিদপুর।
০২। উপজেলা নির্বাহী অফিসার, ভাঙ্গা, ফরিদপুর।
০৩। সভাপতি ও উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, ভাঙ্গা, ফরিদপুর।
০৪। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ফরিদপুর।
০৫। অফিস নথি।